

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৮৫(আগরতলা ১৮। ১২)

উদয়পুর, ১৮ ডিসেম্বর, ২০২৩

গোমতী জেলাভিত্তিক শিশু বিজ্ঞান প্রদর্শনীর উদ্বোধন

ছাত্রছাত্রীদের বিজ্ঞান ভাবনার প্রকাশে বিজ্ঞান
প্রদর্শনীর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : তথ্য প্রযুক্তি মন্ত্রী

বিজ্ঞান ছাড়া আমাদের দৈনন্দিন জীবন কল্পনা করা যায় না। শিক্ষার সঙ্গে বিজ্ঞানের একটা নিবিড় সম্পর্ক আছে। বিজ্ঞান জীবনের সঙ্গে জড়িত। গতকাল উদয়পুরের রমেশ ইংলিশ মিডিয়াম উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে গোমতী জেলাভিত্তিক শিশু বিজ্ঞান প্রদর্শনীর উদ্বোধন করে তথ্য প্রযুক্তি মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় একথা বলেন। অনুষ্ঠানে তিনি আরও বলেন, ছাত্রছাত্রীদের বিজ্ঞান ভাবনার প্রকাশে এ ধরণের বিজ্ঞান প্রদর্শনীর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ডিজিটাল ইন্ডিয়া ও ডিজিটাল ত্রিপুরা গড়ে তোলার জন্য বিজ্ঞানের গুরুত্ব অপরিসীম। দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিজ্ঞানের প্রচার ও প্রসারে গুরুত্ব আরোপ করেছেন।

শিশু বিজ্ঞান প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশিষ্ট বিজ্ঞানী তথা রমেশ স্কুলের প্রাক্তন ছাত্র নারায়ণ চৌধুরী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রমেশ ইংলিশ মিডিয়াম উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষক প্রদীপ কুমার চক্ৰবৰ্তী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত গোমতী জেলা শিক্ষা আধিকারিক বুমা দেব। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, ডিসিএম কালিদাস ঘোষ প্রমুখ। উল্লেখ্য, বিজ্ঞান প্রদর্শনীতে গোমতী জেলার ৪৭টি বিদ্যালয় থেকে ৬৭টি মডেল নিয়ে ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করেছে।
